



বুলবুল একাডেমী অব ফাইন আর্টস (বাফা) BulBul Academy of Fine Arts (BAFA)

Founded in 1955. Reg. No-S-1019

তারিখ: ০২.০৬.২০২০

জরুরী নোটিশ

এতদ্বারা বাফা'র সকল ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বুলবুল একাডেমি অব ফাইন আর্টস (বাফা)'য় বর্তমানে বৈশ্বিক করোনা-ক্রান্তিকাল পরিস্থিতিতে শ্রেণীকক্ষে পাঠদান সম্ভব হচ্ছে না। সরকারী নির্দেশ মোতাবেক বিগত ২৫ মার্চ ২০২০ হতে সকল শিক্ষা কার্যক্রম বন্ধ রেখেছি। জুলাই-জুন সেশনে ছাত্র-ছাত্রীদের বার্ষিক পরীক্ষা সাধারণত জুন মাসে অনুষ্ঠিত হয়ে থাকে কিন্তু করোনা মহামারীতে এ বছর কোন পরীক্ষাই নির্দিষ্ট সময়ে গ্রহণ করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য যে, বাফা প্রধান কার্যালয় (অফিস) খোলা রেখে পরীক্ষা গ্রহণের সকল আনুষ্ঠানিকতা আমরা ইতিমধ্যে সম্পন্ন করে রেখেছি। পরিবেশ পরিস্থিতি অনুকূল হলে যথাসময়ে শিক্ষা কার্যক্রম সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি সকলকে অবহিত করা হবে।

সরকারী নির্দেশ মোতাবেক ইতিমধ্যে অনলাইনে ক্লাস নেয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ক্লাস পরিচালনা করবেন একাডেমির শিক্ষকগণ এবং অনলাইনে ক্লাসে অংশগ্রহণ করার জন্য ছাত্র-ছাত্রীদের ভর্তি ফরমে প্রদত্ত ফোন নাম্বারে যোগাযোগ করা হবে। অন্যথায় ছাত্র-ছাত্রীদের নিজ নিজ শ্রেণী শিক্ষকের সাথে যোগাযোগ করতে বলা হচ্ছে। এছাড়াও অনলাইনে ক্লাস সংক্রান্ত যে কোন তথ্যের জন্য বাফা সভাপতি মহোদয়ের (জনাব মো: হাসানুর রহমান বাচ্চু) সাথে যোগাযোগ করবেন।

ধন্যবাদান্তে

M. F. J. Rahman

মো: ফজলুর রহমান

সম্পাদক

বাফা

জরুরী প্রয়োজনে :

বাফা প্রধান অফিস:

০২-৫৭৩৯১৮৩৮/০১৭১২-০৪১৮৫২

বাচ্চু স্যার:

০১৭১১ ৬৯৫৯১৭